বিদ্যমান পরিষেবা সমূহের প্রতি দায়বদ্ধতার বিজ্ঞপ্তি

পরিষেবা গ্রহণকারী ব্যক্তি: ____তারিখ________________________

এই বিজ্ঞপ্তিটি শুধুমাত্র এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য যাঁরা দিবাকালীন পুনর্বাসন গ্রহণ করছেন বা ব্যক্তিগতকৃত বিকল্প আবাসনে, পারিবারিক পরিচর্যা গৃহে, গণ আবাসনে বা ক্রমবর্ধমান অক্ষমত বিশিষ্ট ব্যক্তিদের জন্য নির্মিত অন্তর্বর্তী পরিচর্যা কেন্দ্রে বাস করছেন। 15ই এপ্রিল, 2009 পর্যন্ত, এহেন যেকোনো পরিষেব গ্রহণকারী যে কোনো ব্যক্তিকে অবশ্যই এমন মেডিকেড করিয়ে রাখতে হবে যা পরিষেবাগুলির জন্য টাকা মেটায় বা ব্যক্তিগতভাবে টাকা মেটানোর বন্দোবস্ত করতে হবে।

আমরা আপনাকে এই বিষয়ে বিজ্ঞপ্তিত করছি কারণ আপনিই উপরোক্ত ব্যক্তি যিনি আমাদের কাছ থেকে পরিষেবা নিচ্ছেন, কারণ আপনি অন্য কোনো ব্যক্তি যিনি নিজের টাকায় পরিষেবার মাশুল মেটাতে দায়বদ্ধ, বা আপনি সেই ব্যক্তির অর্থের জন্য দায়িত্বশীল। যদি আপনি কোনো ব্যক্তির টাকার জন্য দায়ী হয়ে থাকেন, তাহলে আপনাকে সেই ব্যক্তির টাকা দিয়েই পরিষেবাগুলির টাকা মেটাতে হবে, আপনার নিজের টাকা দিয়ে নয়।

15ই এপ্রিল, 2009-এর মধ্যে:

আমরা যেসকল তথ্য চাইব তা আপনাকে প্রদান করতে হবে। যদি মেডিকেডে পরিষেবাগুলি ইতিমধ্যেই অন্তর্ভুক্ত না থাকে, তাহলে আমাদেরকে দেখতে হবে যে মেডিকেড অর্থ মেটাবে না অন্য কেউ। এমনকি আপনি যদি পরিষেবাগুলির জন্য টাকা মেটাতে সম্মতও হন, তাহলেও আমরা আপনার কাছে তথ্য চাইতে পারি যাতে আমরা এটি বুঝি যে কে এই পরিষেবার জন্য অর্থ প্রদান করবেন, যিনি এই টাকাটি মেটাচ্ছেন তিনি এটি দিতে সক্ষম কিনা এবং মেডিকেড এই অর্থ প্রদান করবে কিনা।

15ই এপ্রিল, 2009-এর পরে আমাদের পরিষেবা প্রদান করাকালীন যে কোনো সময়:

যদি আপনিই পরিষেবা গ্রহণকারী ব্যক্তি হন, তাহলে আপনি অবশ্যই আমাদেরকে নিজের সম্পর্কে নিম্নলিখিত তথ্যগুলি দেবেন। যদি আপনি অন্য কোনো ব্যক্তি হন যাঁকে পরিষেবার জন্য নিজে থেকে টাকা মেটাতে হবে, তাহলে আপনি অবশ্যই পরিষেবা গ্রহণকারী ব্যক্তির সম্পর্কে নিম্নলিখিত তথ্যগুলি আমাদেরকে দেবেন।

- মেডিকেড হারিয়ে যাওয়ার বিষয়ে কোনো মেডিকেড ডিস্ট্রিক্ট থেকে পাওয়া যেকোনো বিজ্ঞপ্তি। আপনি বিজ্ঞপ্তিটি পাওয়ার বা সেটির বিষয়ে জানার 5 দিনের মধ্যে আমাদেরকে বিজ্ঞপ্তিটির বিষয়ে জানাবেন।
- মেডিকেড কভারেজের প্রকারে কোনো পরিবর্তন এলে।
- উপার্জন, সঞ্চয় বা অন্য সম্পদ, বসবাসের পরিস্থিতি, অভিবাসন পরিস্থিতি বা অন্য কোনো পরিবর্তন যা মেডিকেডের যোগ্যতাকে প্রভাবিত করে।

আপনি যেই হোন না কেন, যদি আপনি পরিষেবার জন্য টাকা প্রদান করেন, তাহলে আপনাকে আমাদের অবশ্যই জানাতে হবে যদি আপনি মনে করেন যে আপনাকে আর অর্থ প্রদান করতে হবেনা, যদি আপনি মনে করে অন্য কেউ এই অর্থ প্রদান করবেন, অথবা যদি মনে করেন যে আপনার বা আপনার হয়ে অন্য কারুর এই অর্থ প্রদানের সামর্থ নেই।

তথ্যের গোপনীয়তা

আমরা সমস্ত তথ্যের গোপনীয়তা অবশ্যই রক্ষা করবো। শুধুমাত্র করা নির্দিষ্ট কিছু ব্যক্তি যাঁরা আমাদের হয়ে কাজ করেন তাঁরাই এই তথ্যের বিষয়ে জিজ্ঞাসা করতে পারেন ও দেখতে পাবেন। মেডিকেড, মেডিকেয়ার, সোশ্যাল সিকিউরিটি ও ফুড স্ট্যাম্পের মত সুবিধাগুলির আবেদন করার জন্য আমরা এই তথ্য শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেট এবং অন্যদের প্রদান করতে পারি।

পরিষেবাগুলির জন্য অর্থ প্রদাণ

যদি আপনি স্বয়ং পরিষেবা গ্রহণ করেন তাহলে:

- যদি আপনার সঠিক প্রকারের মেডিকেড না থাকে এবং আমরা ফী মকুব না করি তাহলে আপনাকেই ব্যক্তিগতভাবে এই অর্থ প্রদান করতে হবে৷
- যদি কেউ ব্যক্তিগতভাবে টাকা না দেয় এবং আমরা ফী মকুব না করি তাহলে আপনাকে মেডিকেডের জন্য আবেদন করতে হবে৷
- যদি আপনার ইতিমধ্যেই সঠিক প্রকারের মেডিকেড থাকে, তাহলে আপনি অবশ্যই আপনার মেডিকেড ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি (অথবা এমন কিছু যা প্রমাণ করে যে আপনার মেডিকেড আছে) আমাদেরকে প্রদান করবেন এবং আপনি আপনার মেডিকেডটি ভবিষ্যতেও রাখবেন৷
- যদি আপনি চান মেডিকেড অর্থ প্রদান করুক, কিন্তু আপনার সঠিক প্রকারের মেডিকেড না থাকে, তাহলে আপনি অবশ্যই মেডিকেড করানোর জন্য এবং সেটিকে বজায় রাখার জন্য যা যা করণীয় তাই করবেন, বা আমাদেরকে আমাদের প্রয়োজনীয় তথ্যগুলি দেবেন এবং আপনার মেডিকেড আবেদনে সাহায্য করতে বা আপনার হয়ে মেডিকেডের আবেদন করতে সাহায্য করবেন৷
- আপনি যদি ক্রমবর্ধমান অক্ষমতা বিশিষ্ট ব্যক্তিদের জন্য নির্মিত কোনো অন্তর্বতী পরিচর্যা কেন্দ্রে না থাকেন, তাহলে আপনি অবশ্যই হোম অ্যান্ড কম্যুনিটি বেসড সার্ভিসেস ওয়েভার-এ নিজের নাম নথিভুক্ত করার জন্য যা যা করণীয় তাই করবেন৷

যদি আপনি অন্য কেউ হন যাঁকে পরিষেবাগুলির জন্য অবশ্যই টাকা মেটাতে হবে:

- যদি অন্য ব্যক্তির সঠিক ধরনের মেডিকেড না থাকে এবং আমরা যদি ফী মকুব না করি তাহলে আপনাকে ব্যক্তিগতভাবে অর্থ প্রদান করতে হবে৷
- যদি কেউ ব্যক্তিগতভাবে টাকা দেয় এবং আমরা ফী মকুব না করি তাহলে আপনাকে সেই ব্যক্তির মেডিকেডের জন্য আবেদন করতে হবে৷
- যদি সেই ব্যক্তির ইতিমধ্যেই সঠিক প্রকারের মেডিকেড থাকে, তাহলে আপনি অবশ্যই তাঁর মেডিকেড ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি (অন্য এমন কিছু যা প্রমাণ করে যে তাঁর মেডিকেড আছে) আমাদেরকে প্রদান করবেন এবং আপনি তাঁর মেডিকেডটি ভবিষ্যতেও বজায় রাখবেন৷
- যদি আপনি চান মেডিকেড অর্থ প্রদান করুন, কিন্তু যদি সেই ব্যক্তির সঠিক প্রকারের মেডিকেড না থাকে, তাহলে আপনি অবশ্যই সেই ব্যক্তির মেডিকেড করানোর জন্য যা যা করণীয় তাই করবেন, বা আমাদেরকে আমাদের প্রয়োজনীয় তথ্যগুলি দেবেন এবং ব্যক্তিটির মেডিকেড-এর আবেদনে সাহায্য করতে বা ব্যক্তিটির হয়ে মেডিকেডের আবেদন করতে সাহায্য করবেন৷
- ব্যক্তিটি ক্রমবর্ধমান অক্ষমতা বিশিষ্ট ব্যক্তিদের জন্য নির্মিত কোনো অন্তর্বতী পরিচর্যা কেন্দ্রে না থাকলে, আপনি অবশ্যই হোম অ্যান্ড কম্যুনিটি বেসড সার্ভিসেস ওয়েভারে ব্যক্তিটির নাম নথিভুক্ত রাখার জন্য যা যা করণীয় তাই করবেন৷

সঠিক প্রকার মেডিকেড বলতে বোঝায় সেই মেডিকেড যেটি আমাদের প্রদান করা পরিষেবাগুলির ধার্য অর্থ প্রদান করে৷ মেডিকেড নেওয়া ও সেটি বজায় রাখার জন্য যা করা দরকার সেটি করা বলতে বোঝায় আইনসম্মত সেই সমস্ত বিষয় যা কোনো ব্যক্তিকে মেডিকেড পাওয়ার জন্য যোগ্যতা প্রদান করে৷ এর মধ্যে আছে এক বিশেষ ধরনের বিশ্বাস স্থাপন করা বা আয় বা সংস্থানের খরচ।

পূর্ণ ফীটি হল ____। আমরা যদি ফী টি কম করে থাকি,তাহলে আপনি অবশ্যই কম করা ফী টিই দেবেন৷ যদি আপনি ফী দিতে সক্ষম তাহলে যদি আমরা কোনো মাশুল কমিয়ে থাকি বা মকুব করলেও আপনাকে সম্পূর্ণ ফী টি দিতে হতে পারে৷

স্টেট যদি পরিষেবাগুলির জন্য আমাদের অর্থ প্রদানও করে এবং যদি আইনিত আমাদের আপনাকে পরিষেবা দিতেই হয়, সেক্ষেত্রেও আপনি ফী দিতে বাধ্য থাকবেন এবং সেক্ষেত্রেও আমরা আপনকে বিল পাঠাব৷ আপনি টাকা দিচ্ছেন না বলে আমরা পরিষেবা দেওয়া বন্ধ করে দিতে পারি না৷ তবে, যদি আমরা অন্য কোনো কারণে পরিষেবা বন্ধ করার চেষ্টা করি, তাহলে যখন পরিষেবা বন্ধ করার কার্যধারা চলবে তখন আপনি অবশ্যই পরিষেবাগুলির জন্য অর্থ প্রদানে বাধ্য থাকবেন৷

বিল

যদি আপনি পরিষেবাগুলির অর্থ প্রদান করতে থাকেন, তাহলে আমরা আপনাকে যেকোনো নির্দিষ্ট মাসের বিল পরবর্তী মাসের 30 তারিখের মধ্যে পাঠাবো৷উদাহরণস্বরূপ, আমরা 30 মে-র মধ্যে এপ্রিল মাসের বিলটি আপনাকে পাঠাবো৷ আপনি যদি বিলগুলির অর্থ প্রদান না করেন, তাহলে আমরা সেগুলি আপনার কাছ থেকে আদায়ের চেষ্টা করবো৷ আমরা পরিষেবাগুলিতে বিঘ্ন ঘটাতে পারি না বা আপনাকে বা অন্য কাউকে আপনার বিলের ব্যাপারে বিব্রত, বিরক্ত করতে অথবা হয়রানি করতে পারি না৷ যদি আপনি এর পরেও বিলগুলি না মেটান, তাহলে আমরা পেমেন্টের জন্য আমাদের দাবীটি নিউ ইয়র্ক স্টেটের কাছে পেশ করবো৷ যদি আমরা হ্রাসপ্রাপ্ত বা ছাড়প্রাপ্ত ফী-এর পরিবর্তন ঘটাই তাহলে সেটির বিষয়ে আমাদের পক্ষ থেকে আপনাকে 30 দিনের অগ্রিম নোটিশ দিতে হবে৷